দৈনিক বাংলা

তারিখ 09 MAY 1993
পৃষ্ঠা ৫ কলাম

# স্কুল-কলেজের ছাত্রীদের আত্মরক্ষার শিক্ষা দেয়া হোক

## জনমত

আজকাল পত্রিকা খুললেই দিকে দিকে নারীদের প্রতি অসন্মান, কটূক্তি, নির্যাতন, এসিড নিক্ষেপ, ছাত্রী অপহরণ ইত্যাদি ঘটনার খবর চোখে পড়ে। এসবের প্রতি-কারের জন্য দেশের সুশিক্ষিত নাগরিকবৃন্দ বহুসময় উদ্যোগ নিয়েছেন, লেখালেখি করেছেন, সরকার আইন করেছেন, কিন্তু তাতে এসব অপকর্ম, জুলুম, নির্যাতনের অবসান হয়নি। এ অবস্থায় এ সম্পর্কে আমি সরকারের বিবেচনার জন্য একটি প্রস্তাব রাখতে চাইঃ আমার প্রস্তাব হলো দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রাইমারী থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ছাত্রীদের আত্মরক্ষার জন্য খালি হাতে ও সহজ অস্ত্র যেমনঃ নখ, ক্লিপ, সেপটিপিন দিয়ে আত্মরক্ষা কোর্স বাধ্যতামূলক করা হোক। ছাত্রীদের এরূপ কোর্সের জন্য বোর্ড ও বিশ্ববিদ্যালয় প্রণীত বই থাকবে, শিক্ষক থাকবে, পরীক্ষা হবে এবং তার নাম্বার বার্ষিক ফলাফলের সঙ্গে যুক্ত হবে। এ বিষয়টি বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের জন্য প্রাইমারী স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত বাধ্যতামূলক হবে। আমার মনে হয়, এতে দেশের ছাত্রীরা আত্মরক্ষার ব্যাপারে যথেষ্ট স্বাবলম্বি হয়ে উঠবেন।

– এম এ জামান (মানিক)
টিএন্ডটি ষ্টোর, তেজগাঁ
ঢাকা-১২০৮।